গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় উপপরিচালকের কার্যালয়
প্রাথমিক শিক্ষা
বরিশাল বিভাগ, বরিশাল।
Website:www.dpe.barisaldiv.gov.bd

তারিখ: ৯ ভাদ্র ১৪৩২ বঙ্গাব্দ
২৪ আগস্ট ২০২৫ খ্রিস্টাব্দ

নম্বর: ৩৮.০১.১০০০.০০০.০০০.০৮.০০০৪.২৪.৫১০

অফিস আদেশ

বরিশাল বিভাগাধীন বরিশাল জেলার জেলা প্রাথমিক শিক্ষা অফিসারের প্রস্তাবের প্রেক্ষিতে নিম্নবর্ণিত শিক্ষকগণকে তাঁদের নামের পার্শ্বে উল্লিখিত দেশে বর্ণিত কারণে গমন ও অবস্থানের অনুমতি প্রদানসহ নির্ধারিত ছুটি বিধিমালা ১৯৫৯ এর বিধি ৩ (১) (iii) অনুযায়ী অর্ধগড় বেতনে বহি: বাংলাদেশ অর্জিত ছুটি নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে মঞ্জুর করা হলো।

ক্রমিক নং	শিক্ষকের নাম, পদবি ও ঠিকানা	ভ্রমণের সময়কাল	ভ্রমনের উদ্দেশ্য	যে দেশে ভ্রমণ করবেন।
০১	জনাব জহিরুল ইসলাম, সহকারী শিক্ষক, পশ্চিম জিরাইল আদর্শ সরকারি প্রাথমিক বিদ্যালয়, বাকেরগঞ্জ, বরিশাল। A17306052	৩১-০৮-২০২৫ থেকে ১৪-০৯-২০২৫ পর্যন্ত অথবা যাত্রার তারিখ থেকে ১৫ (পনেরো) দিন।	পবিত্র ওমরা হজ পালনের জন্য	সৌদি আরব
০২	জনাব গৌতম কুমার নন্দী, সহকারী শিক্ষক, ২৬ নম্বর উত্তর চাঁদশী সরকারি প্রাথমিক বিদ্যালয়, গৌরনদী, বরিশাল। A18041769	২০-০৮-২০২৫ থেকে ১৮-০৯-২০২৫ পর্যন্ত অথবা যাত্রার তারিখ থেকে ৩০ (ত্রিশ) দিন।	নিজের উন্নত চিকিৎসার জন্য	ভারত

শর্তাবলী:
ক) আবেদনকারীর ছুটির হিসাবে ছুটি পাওনা থাকতে হবে;
খ) ছুটিতে যাওয়ার পূর্বে সংশ্লিষ্ট ক্লাস্টারের সহকারী উপজেলা/ থানা শিক্ষা অফিসার এবং উপজেলা /থানা শিক্ষা অফিসারকে অবহিত করতে হবে;
গ) বর্ণিত শিক্ষক বাংলাদেশে প্রত্যাবর্তনের পরে অনতিবিলম্বে সংশ্লিষ্ট ক্লাস্টারের সহকারী উপজেলা / থানা শিক্ষা অফিসার এবং উপজেলা/ থানা শিক্ষা অফিসারের নিকট রিপোর্ট করবেন;
ঘ) বিদেশ গমন ও অবস্থানের জন্য সরকারের উপর কোন আর্থিক দায়-দায়িত্ব বর্তাবে না;
ঙ) তিনি ছুটিকালীন সময়ের বেতন ভাতাদি বাংলাদেশী মুদ্রায় প্রাপ্য হবেন;
চ) তিনি নির্ধারিত সময়ের অতিরিক্ত সময় বিদেশে অবস্থান করতে পারবেন না;
ছ) অনুমোদিত বহি:বাংলাদেশ ছুটি পরবর্তী অননুমোদিত অনুপস্থিতির জন্য তিনি কোন বেতন-ভাতাদি প্রাপ্য হবেন না;
জ) অনুমোদিত ছুটি ভোগের পরে নির্ধারিত সময়ের মধ্যে কর্মস্থলে যোগদান করতে ব্যর্থ হলে তাঁর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

২৪-০৮-২০২৫
নিলুফার ইয়াসমিন
উপপরিচালক

নম্বর: ৩৮.০১.১০০০.০০০.০০০.০৮.০০০৪.২৪.৫১০/১ (৮)

তারিখ: ৯ ভাদ্র ১৪৩২ বঙ্গাব্দ
২৪ আগস্ট ২০২৫ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, বরিশাল।

২। উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, বাকেরগঞ্জ, বরিশাল (মঞ্জুরীকৃত ছুটি শিক্ষকের চাকুরী বহিতে লিপিবদ্ধ করা এবং সংশ্লিষ্ট শিক্ষকের ছুটিকালিন সময়ে তার বিদ্যালয়ে সহকারী শিক্ষক কর্মরত মাত্র ১ জন থাকায় পার্শ্ববর্তী বিদ্যালয় থেকে ১ জন শিক্ষকের ডেপুটেশন প্রদানের অনুরোধসহ)।

৩। উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, গৌরনদী, বরিশাল (মঞ্জুরীকৃত ছুটি শিক্ষকের চাকুরী বহিতে লিপিবদ্ধ করার অনুরোধসহ)।

৪। উপজেলা হিসাবরক্ষণ অফিসার, বাকেরগঞ্জ/গৌরনদী, বরিশাল।

৫। ইমিগ্রেশন অফিসার, হযরত শাহজালাল বিমান বন্দর, ঢাকা/ বেনাপোল স্থল বন্দর, যশোর/ .....।

৬। জনাব মো: আতিকুর রহমান, কম্পিউটার অপারেটর, অত্র দপ্তর (আদেশটি ওয়েবসাইটে প্রকাশ করার জন্য বলা হলো)।

৭। জনাব জহিরুল ইসলাম, সহকারী শিক্ষক, পশ্চিম জিরাইল আদর্শ সরকারি প্রাথমিক বিদ্যালয়, বাকেরগঞ্জ, বরিশাল।

৮। জনাব গৌতম কুমার নন্দী, সহকারী শিক্ষক, ২৬ নম্বর উত্তর চাঁদশী সরকারি প্রাথমিক বিদ্যালয়, গৌরনদী, বরিশাল।

২৬-০৮-২০২৫
নিলুফার ইয়াসমিন
উপপরিচালক